# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩০ বর্ষ ২৪তম সংখ্যা
১৭ পৌষ ১৪২৩, ৩১ ডিসেম্বর ২০১৬

## নববর্ষে উপাচার্যের শুভেচ্ছা



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ইংরেজি নববর্ষ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি সকলের সুখ-শান্তি, মঙ্গল, সমৃদ্ধি, উন্নয়ন ও অগ্রগতি কামনা করেন।

একই সাথে দেশবাসীর মঙ্গল কামনা করে উপাচার্য বলেন, সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় তাঁরই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্জিত সাফল্য এবং উন্নয়ন ও অগ্রগতির ধারা আগামীতেও অব্যাহত থাকবে। সুখী, সমৃদ্ধশালী ও সন্ত্রাসমুক্ত বাংলাদেশ গড়ায় শেখ হাসিনার হাতকে শক্তিশালী করাই হোক আমাদের সকলের নববর্ষের অঙ্গীকার।




*গত ১৬ ডিসেম্বর ২০১৬ বিজয় দিবস উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে ছাত্র-শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।*

## ঢাবি-এ বিজয় দিবস উদযাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে মহান বিজয় দিবসের প্রথম প্রহরে আতশবাজিসহ নানা আয়োজনের মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। গত ১৬ ডিসেম্বর ২০১৬ দিবাগত রাত ১২টা ১ মিনিটে ছাত্র-শিক্ষক কেন্দ্র এলাকায় রাজু ভাস্কর্যের সামনে আতশবাজি ফোটায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এ সময় অনুষ্ঠান উদ্বোধন করে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বাংলাদেশের অগ্রযাত্রাকে তারুণ্যের একতাবদ্ধতার মধ্য দিয়ে এগিয়ে নিতে হবে। তরুণদের মুক্তিযুদ্ধের চেতনার সাথে সম্পৃক্ত হতে হবে।

বিজয় দিবসে ভোর ৬টা ১৫ মিনিটে উপাচার্য ভবনসহ প্রধান প্রধান ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৬টা ৩০মিনিটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত হন এবং সকাল ৬টা ৩৫মিনিটে সাভার জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে ছাত্র-শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ছায়ানটের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে বিকেলে লাল সবুজের বিজয় উৎসব অনুষ্ঠিত হয়। এতেও পরিবেশন করা হয় নৃত্য ও সংগীতানুষ্ঠান।

সন্ধ্যা ৬টা ৩০মিনিটে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয় বিজয় দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় হলসমূহে শহীদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধের চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র প্রদর্শনী ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের উদ্যোগে বার্ষিক আভ্যন্তরীণ ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদেও প্রভোস্ট এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া। * ২য় পৃষ্ঠায় দেখুন



*জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৬ উপলক্ষে আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় উদ্ভাবনী/গবেষণা প্রকল্প প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউট ১ম পুরস্কার অর্জন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক গত ৭ ডিসেম্বর ২০১৬ বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত বিদ্যুৎ সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে উক্ত পুরস্কার গ্রহণ করেন।*

## কলকাতায় 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব'

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গত ১৬ ডিসেম্বর ২০১৬ অনুষ্ঠিত হলো 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব ২০১৬'। বিজয় দিবসের সন্ধ্যায় রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকোতে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উৎসবের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় উপস্থিত ছিলেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায় চৌধুরী।

উৎসবে অতিথিবৃন্দ তাদের অভিমত ব্যক্ত করে বলেন, ভারত ও বাংলাদেশের মধ্যে যখন যোগাযোগের নানা নতুন দিগন্ত খুলে যাচ্ছে, তখন এই উদ্যোগ দুদেশের মধ্যে শিক্ষাগত বা সাংস্কৃতিক যোগাযোগের পথকে প্রশস্ত করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা পরস্পরের মধ্যে বিদ্যায়তনিক ও সাংস্কৃতিক বিনিময় কর্মসূচীর মাধ্যমে দ্বি-পাক্ষিক মনন সম্পর্কের প্রভূত উন্নতি সাধন করবেন বলেও উভয় প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেন।

উৎসবের প্রথম দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ দেশের গান পরিবেশন করে। * ২য় পৃষ্ঠায় দেখুন

### শহীদ বুদ্ধিজীবী দিবস

## স্বাধীন দেশে স্বাধীনতা বিরোধীদের রাজনীতি করার অধিকার নেই -উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর নিরীহ ও নিরস্ত্র বুদ্ধিজীবীদের ওপর পাকিস্তানী বাহিনী ও তার দোসরদের বর্বর আক্রমনের চিত্র তুলে ধরে বলেছেন,



মুক্তিযুদ্ধের বিরোধীতা করে সেদিন যারা নির্মম গণহত্যায় শামিল হয়েছিল, স্বাধীন বাংলাদেশে তাদের রাজনীতি করার অধিকার নেই। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে গত ১৪ ডিসেম্বর ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ডের আহ্বায়ক অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ পরিবার সমিতির সভাপতি আবু মুসা ম. মাসুদউজ্জামানসহ বঙ্গবন্ধু সাংস্কৃতিক পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। * ২য় পৃষ্ঠায় দেখুন

### জীব প্রযুক্তি বিষয়ক ৩-দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

## অর্থনৈতিক ও মানব সম্পদ উন্নয়নে ঢাবি'র শিক্ষক ও গবেষকগণ নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন - উপাচার্য




বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি (বিএপিটিসি এন্ড বি)-এর উদ্যোগে "Biotechnology for innovative Agriculture and Food Security" শীর্ষক ৩-দিনব্যাপী ৮ম আন্তর্জাতিক সম্মেলন গত ৩ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি-এর সভাপতি অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক * ২য় পৃষ্ঠায় দেখুন

### রোভার স্কাউট গ্রুপের সুবর্ণজয়ন্তী

## দেশের জন্য জীবন দেওয়া শিখিয়েছেন বঙ্গবন্ধু – উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সুবর্ণজয়ন্তী উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠান গত ৯ ডিসেম্বর ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস'র সভাপতি মো. আবুল কালাম আজাদ এবং প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান।



শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি তাঁর বক্তব্যে বলেন- সারাদেশেই কম বেশি রোভার স্কাউটদের সংগঠন রয়েছে, তবে আমাদের চেষ্টা আছে সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে এই সংগঠনটি গড়ে তোলার। এতে আমাদের শিক্ষার্থীদের চারিত্রিক ও মানবিক গুণাবলী প্রসারিত হবে যা দেশের জন্য এবং মানুষের জন্য কল্যাণ বয়ে আনবে। বাঙ্গালী জাতির হাজার বছরের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায় হচ্ছে আমাদের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ এবং এর মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। স্কাউটদের সেই আদর্শবোধে নিজেদের গড়ে তুলতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বক্তৃতার শুরুতেই বিজয়ের মাসে বঙ্গবন্ধুসহ ৩০লক্ষ শহীদের কথা স্মরণ করে বলেন- একটা দেশের জন্য জীবন দেওয়ার চেয়ে শ্রেষ্ঠ মৃত্যু আর হতে পারে না। দেশের জন্য জীবন দেওয়া যে সম্মানের ব্যাপার তা শিখিয়েছেন জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি মানুষকে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের জন্য উদ্বুদ্ধ করেছেন। একারণেই দেশের জন্য, দেশের স্বাধীনতার জন্য মানুষ অকাতরে জীবন দিয়ে গেছেন। বাংলাদেশে স্কাউট আন্দোলন নানা চড়াই উৎরাই পেরিয়ে আজকে যে অবস্থানে এসেছে তার জন্য আমরা আনন্দিত। রানা প্লাজার কথা উল্লেখ করে উপাচার্য বলেন, বাংলাদেশের বিভিন্ন সংকটময় পরিস্থিতিতে ও দুর্যোগ মুহূর্তে বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউটরা যেভাবে এগিয়ে এসেছে, দায়িত্ব পালন করেছে, তা অতুলনীয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে রোভার স্কাউট গ্রুপের শুরু থেকে এখন পর্যন্ত যারা বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অবদান রেখেছেন, অনুষ্ঠানে তাদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেওয়া হয়। সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা, পতাকা উত্তোলন ও বেলুন উড়ানোর মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটির আহবায়ক অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব, যুগ্ম-আহবায়ক মোহাম্মদ রফিকুল ইসলাম খানসহ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বর্তমান ও প্রাক্তন সদস্য ও তাদের পরিবারবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# স্বাধীন দেশে স্বাধীনতা বিরোধীদের রাজনীতি করার অধিকার নেই -উপাচার্য




(১ম পৃষ্ঠার পর)
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক '৭১-এর মানবতাবিরোধী অপরাধ ও শহীদ বুদ্ধিজীবী হত্যা মামলার বিচার কার্যক্রম দ্রুত সম্পন্ন করার আহ্বান জানিয়ে বলেন, বাঙালি জাতিকে মেধাশূন্য করতে পাকিস্তানী বাহিনী ও তার দোসররা পরিকল্পিতভাবে দেশের কৃতী সন্তানদের ওপর হত্যাযজ্ঞ চালিয়েছিল। মঈনুদ্দিন, আশরাফসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু বিশ্বাসঘাতক ছাত্র তাদের এই নৃশংস কর্মকাণ্ডে সহযোগিতা করেছিল। তাদের এই অপকর্ম মানবসভ্যতাকে ধ্বংস করার শামিল উল্লেখ করে তিনি বলেন, ফাঁসির দন্ডাদেশ প্রাপ্ত পলাতক যুদ্ধাপরাধীদের অবিলম্বে দেশে ফিরিয়ে এনে রায় দ্রুত কার্যকর করতে হবে। তিনি বলেন, জেনারেল জিয়াউর রহমান সামরিক ফরমান জারি করে যুদ্ধাপরাধীদের মুক্তির ব্যবস্থা করেছিলেন। '৭১-এর গণহত্যা, '৭৫-এর বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা এবং ২০০৪ সালের গ্রেনেড হামলা একই সূত্রে গাঁথা উল্লেখ করে তিনি বলেন, ঘাতক চক্র এখনও সক্রিয় রয়েছে। এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি রোধে সবাইকে সতর্ক থাকতে হবে। তিনি বলেন, নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ইতিহাসের সঙ্গে সম্পৃক্ত হতে হবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হতে হবে।

উল্লেখ্য, শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল - উপাচার্য ভবনসহ বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন কবরস্থান, জগন্নাথ হল স্মৃতিসৌধ ও বিভিন্ন আবাসিক এলাকার স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভা প্রভৃতি। এছাড়া, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হল মসজিদ ও উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও প্রার্থনা করা হয়।

# মানবিক মূল্যবোধসম্পন্ন সমাজ গঠনে দর্শনের শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে-উপাচার্য



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মানবিক মূল্যবোধসম্পন্ন সমাজ গঠনে অগ্রণী ভূমিকা পালনের জন্য দর্শন বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দর্শনকে শুধু একটি বিভাগের গণ্ডিতে আবদ্ধ রাখলে চলবেনা, এর চিরন্তন নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধ হতে হবে। বিশ্ব দর্শন দিবস উপলক্ষে গত ১৭ নভেম্বর ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ এবং গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্র আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান ও কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. বেগম আকতার কামাল বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে 'Russell on Nuclear Warfare' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন দর্শন বিভাগের অধ্যাপক ড. মোঃ সাজাহান মিয়া। এসময় অধ্যাপক ড. আমিনুল ইসলাম, অধ্যাপক ড. নীরু কুমার চাকমা, অধ্যাপক ড. গালিব আহসান খানসহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বিখ্যাত দার্শনিকগণ বিশ্বে শান্তি, সম্প্রীতি ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় অনন্য অবদান রেখে গেছেন। প্রাণঘাতী যুদ্ধের বিরুদ্ধে তারা সদা সোচ্চার ছিলেন। তাদের জীবনাদর্শ অনুসরণের মাধ্যমে সত্যিকার প্রজ্ঞাবান মানুষ হিসাবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, প্রতিবছর নভেম্বর মাসের তৃতীয় বৃহস্পতিবার বিশ্ব দর্শন দিবস পালন করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের উদ্যোগে গত ৬ ডিসেম্বর ২০১৬ বাউল সন্ধ্যা ও পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এ সময় ক্লাবের সভাপতি অধ্যাপক ড. এ বি এম শহিদুল ইসলাম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন উপস্থিত ছিলেন।

# বিজয় দিবস

(১ম পৃষ্ঠার পর)
মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ-এর ৩-দিনব্যাপী আয়োজনের উদ্বোধন করেন। স্মৃতি চিরন্তন প্রাঙ্গণে কর্মসূচীর মধ্যে ছিল প্রদীপ প্রজ্বলন, শহীদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যদের স্মৃতিচারণ, ফানুস উড্ডয়ন। গত ১৫ ডিসেম্বর ২০১৬ সন্ধ্যা ৭টায় বিশ্ববিদ্যালয় টিএসসি প্রাঙ্গণে ফানুস উড্ডয়ন কর্মসূচী পালিত হয়। অনুষ্ঠানে উপস্থিত থেকে ফানুস উড্ডয়ন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

বিজয় দিবস উপলক্ষে গত ১৪ ডিসেম্বর ২০১৬ উপাচার্যের অফিসে সাইকেল লেন বাস্তবায়ন পরিষদের আয়োজনে 'বিজয় র‌্যালি টি-শার্ট'-এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

এছাড়া, বিজয় দিবসে বাদ জুম্মা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হল মসজিদ ও উপাসনালয়ে শহীদদের আত্মার মাগফেরাত কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া করা হয়।

# অর্থনৈতিক ও মানব সম্পদ

(১ম পৃষ্ঠার পর)
শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমেদ এবং গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মো. নাসিরুদ্দিন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি-এর সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শেখ শামীমুল আলম স্বাগত বক্তব্য দেন।

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে জীব প্রযুক্তি বিষয়ক গবেষণা আধুনিকায়নের উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের জন্য তিনি বিভিন্ন দেশের গবেষকদের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, খাদ্য উৎপাদন, উদ্ভিদের বংশ বিস্তার, রোগ নির্মূল এবং জীবদেহের রাসায়নিক রূপান্তরের ক্ষেত্রে প্ল্যান্ট টিস্যু কালচার কৌশল বর্তমানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ সাধনে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য বলেন, বিজ্ঞানের অগ্রযাত্রা, প্রযুক্তির সম্প্রসারণ এবং অর্থনৈতিক ও মানব সম্পদ উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণ নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। বিজয়ের মাসে উপাচার্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, নেপাল, ভুটান, যুক্তরাজ্যসহ বিভিন্ন দেশের বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করছেন।

# কলকাতায় 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব'

(১ম পৃষ্ঠার পর) উৎসবের দ্বিতীয় ও শেষ দিন আজ পরিবেশিত হবে সংগীত বিভাগের পরিবেশনায় লোকগান এবং নৃত্যকলা বিভাগের উদ্যোগে ময়মনসিংহ গীতিকা অবলম্বনে 'সোনাই মাধব' নৃত্যনাট্য।

উৎসবের দ্বিতীয় ও শেষ দিনে পরিবেশিত হয় সংগীত বিভাগের পরিবেশনায় লোকগান এবং নৃত্যকলা বিভাগের উদ্যোগে ময়মনসিংহ গীতিকা অবলম্বনে 'সোনাই মাধব' নৃত্যনাট্য। উৎসবের প্রথম দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ দেশের গান পরিবেশন করে।

উৎসবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা ও সংগীত বিভাগের চেয়ারপার্সন মহসিনা আক্তার খানম (লীনা তাপসী)-এর নেতৃত্বে ২৫জন শিক্ষক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, আগামী বছর ২০১৭ সালের ফেব্রুয়ারি-মার্চের মধ্যে সুবিধা মতো সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়েও অনুষ্ঠিত হবে রবীন্দ্রভারতী উৎসব।

## ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের বিজয় উৎসব

# বঙ্গবন্ধু এবং ৩০ লক্ষ শহীদ সব সময় আমাদের সঙ্গে থাকবেন, যতদিন এদেশের অস্তিত্ব থাকবে -উপাচার্য




ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে গত ১৭ ডিসেম্বর ২০১৬ বিজয় দিবস উপলক্ষে 'বিজয় উৎসব ২০১৬' উদযাপন করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অ্যালামনাইয়ের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন এসোসিয়েশনের সিনিয়র সহসভাপতি এডভোকেট মোল্লা মোহাম্মদ আবু কাওসার প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালন করেন অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রঞ্জন কর্মকার।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধে শহীদ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলেন, ১৬ ডিসেম্বর আমাদের বিজয় দিবস। '৭১-এর এই দিনে ৩০ লক্ষ প্রাণের বিনিময়ে এ দেশের স্বাধীনতা অর্জন করেছি আমরা। যারা দেশের জন্য প্রাণ দিয়েছেন তাদের মৃত্যু হচ্ছে সম্মানের, আভিজাত্যের এবং শ্রেষ্ঠ মৃত্যু। তারা হলেন এদেশের সূর্যসন্তান। তিনি বলেন, এর আগে ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস। ১৯৭১ সালের ওইদিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ বিভিন্ন পেশার লোকদের পাকবাহিনী ধরে নিয়ে গিয়ে হত্যা করে। বাংলাদেশ স্বাধীন হয়েছে কিন্তু সেদিন আমরা অসংখ্য শ্রেষ্ঠ সন্তানদেরকে হারিয়েছি। '৭১-এর ৩০ লক্ষ শহীদ এবং জতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সব সময় আমাদের সঙ্গে থাকবেন, যতদিন এদেশের অস্তিত্ব থাকবে। '৭১-এর মানবতাবিরোধী অপরাধ ও শহীদ বুদ্ধিজীবী হত্যা মামলার বিচার কার্যক্রম দ্রুত সম্পন্ন করার আহ্বান জানিয়ে তিনি বলেন, বাঙালি জাতিকে মেধাশূন্য করতে পাকিস্তানী বাহিনী ও তার দোসররা পরিকল্পিতভাবে দেশের কৃতী সন্তানদের ওপর হত্যাযজ্ঞ চালিয়েছিল। মঈনুদ্দিন, আশরাফসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু বিশ্বাসঘাতক ছাত্র তাদের এই নৃশংস কর্মকাণ্ডে সহযোগিতা করেছিল। ফাঁসির দন্ডাদেশ প্রাপ্ত পলাতক যুদ্ধাপরাধীদের অবিলম্বে দেশে ফিরিয়ে এনে রায় দ্রুত কার্যকর করার আহ্বাব জানান উপাচার্য।

আলোচনা সভা শেষে অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে গান পরিবেশন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী তিমির নন্দী, ময় কুমার গাঙ্গুলী, রূপা ফরহাদ ও মালা খুররম। এছাড়া, অন্য শিল্পীরা গান, নৃত্য, আবৃত্তি, মূকাভিনয় করেন। সূচনা সংগীত পরিবেশন করেন ফাহিম হোসেন চৌধুরী।




*নলতা কেন্দ্রীয় আহ্ছানিয়া মিশনের উদ্যোগে খান বাহাদুর আহসানুল্লাহ্ প্রণীত ও ১৯৩১ সালে প্রকাশিত "History of The Muslim World" শীর্ষক গ্রন্থের পুনঃপ্রকাশনা উপলক্ষে এক সেমিনার গত ৩ ডিসেম্বর ২০১৬ অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এতে মূল বক্তব্য প্রদান করেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহীম এবং আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জমান। আলহাজ্জ্ব মোহাম্মদ সলিমুল্লাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের প্রধান তথ্য কর্মকর্তা এ কে এম শামীম চৌধুরী।*



*মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে গত ১৬ ডিসেম্বর ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।*



*ঢাকা বিশ্ববিদ্যালয় বিজয় একাত্তর হলের উদ্যোগে বার্ষিক আভ্যন্তরীণ ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার, কৃতী শিক্ষার্থীদের প্রভোস্ট এ্যাওয়ার্ড প্রদান ও বিজয় দিবস উদযাপন অনুষ্ঠান গত ১৬ ডিসেম্বর ২০১৬ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া। ছবিতে অতিথিদের সাথে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।*

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## চীনা প্রতিনিধিদল



চীনের কুয়াংসি নরমাল ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক ড. গুই-ফা সু-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক লি তংমি, অধ্যাপক ঝেন ফেং চেন এবং ঝেং জি।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের কুয়াংসি নরমাল ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মত বিনিময় করেন। উপাচার্য বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় তথা বাংলাদেশের সংক্ষিপ্ত ইতিহাস চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন।

## যুক্তরাজ্যের অধ্যাপক

যুক্তরাজ্যের ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেথ এন্ডারসন গত ২০ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।




wewUk KvDwÝ‡ji †WcyU cwiPvjK I fvicÖß cwiPvjK wRg ¯‹v_ IweB MZ 12 wW‡m¤^i 2016 DcvPvh Aa¨vcK W. Av Av g m Av‡iwdb wmwÏ‡Ki m‡½ Zvi Kvhvj‡q mv¶vr K‡ib|



h³ivR¨i BqK wekwe`¨vj‡qi Aa¨vcK W. ‡K_ GÛvimb MZ 20 wW‡m¤^i 2016 DcvPvh Aa¨vcK W. Av Av g m Av‡iwdb wmwÏ‡Ki m‡½ Zvi Kvhvj‡q mv¶vr K‡ib|



বিভিন্ন দেশ থেকে আগত আন্তর্জাতিক সুফি গবেষক ও শিক্ষাবিদদের একটি প্রতিনিধিদল গত ১১ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যরা ঢাকায় অনুষ্ঠিত ÔSufi Unity for International Solidarity (SUFIS)’ kxlK Kbdv‡i‡Ý AskMnY K‡ib|

# বিচারপতি সিকান্দার আলী মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড গঠন



ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগে "বিচারপতি সিকান্দার আলী স্মৃতি ট্রাস্ট ফান্ড" গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত বিচারপতি সিকান্দার আলীর মেয়ে এবং ইউএনডিপি'র অবসরপ্রাপ্ত আবাসিক প্রতিনিধি সারওয়ার সুলতানা ১৪ লাখ টাকার একটি চেক গত ৪ ডিসেম্বর ২০১৬ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. তাসলিমা মনসুর, আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বোরহান উদ্দীন খান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন চেয়ারপার্সন অধ্যাপক আখতার সুলতানা, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং দাতার আত্মীয়-স্বজন উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের কয়েকজন মেধাবী শিক্ষার্থীকে 'বিচারপতি সিকান্দার আলী স্মৃতি বৃত্তি' প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি প্রয়াত বিচারপতি সিকান্দার আলীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এই অনুদানের মাধ্যমে আইন বিভাগের মেধাবী শিক্ষার্থীরা উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বিচারপতি সিকান্দার আলী ১৯০৭ সালের ১ জানুয়ারি সিলেটের বড়লেখায় জন্মগ্রহণ করেন। তাঁর ৫ সন্তানের সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তাঁর নাতনী। তাঁর একমেয়ে অধ্যাপক আখতার সুলতানা ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে শিক্ষকতা করছেন। বিচারপতি সিকান্দার আলী ১৯৬৬ সালের ৩১ ডিসেম্বর ইন্তেকাল করেন।

# ঢাবি নোবেল মেমোরিয়াল কুইজে চ্যাম্পিয়ন

বাংলাদেশে অবস্থিত সুইডিশ দূতাবাসের আয়োজনে 'সুইডেন-বাংলাদেশ নোবেল মেমোরিয়াল কুইজ-২০১৬' এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কুইজ দল। বিজয়ী প্রতিনিধি দলটি গত ১১ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক চ্যাম্পিয়ন দলকে অভিনন্দন জানিয়ে তাদের এই সাফল্য অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করে বলেন, আমাদের ছেলেরা শিক্ষা এবং সহ-শিক্ষায় সমান পারদর্শী। তারা যেকোন প্রতিযোগিতায় লড়াই করার সামর্থ রাখে। সামনে তারা আরো অনেক বড় জায়গায় গিয়ে নিজেদের যোগ্যতা প্রমাণ করবে।

চ্যাম্পিয়ন দলের সদস্যরা হলেন- শামিম সোহানী, ওয়াহিদ কায়সার ও মুনযের তালুকদার। তারা তিনজনই ইংরেজি বিভাগের শিক্ষার্থী ও ঢাকা বিশ্ববিদ্যালয় কুইজ দলের সদস্য।

উল্লেখ্য, এই প্রতিযোগিতায় অংশ নেয় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১০০টি দল। সেখান থেকে সেমি ফাইনালে ২০টি দল টিকে থাকে। মূলত সুইডেনের সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, রাজনীতি সহ সার্বিক বিষয় এবং সুইডেন-বাংলাদেশ সম্পর্ক নিয়ে এই কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য সুইডিশ দূতাবাসের সার্বিক সহযোগিতায় রয়েছে ৭দিনের সুইডেন ভ্রমণের সুযোগ।



বাংলাদেশে অবস্থিত সুইডিশ দূতাবাসের আয়োজনে 'সুইডেন-বাংলাদেশ নোবেল মেমোরিয়াল কুইজ-২০১৬' এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কুইজ দল। প্রতিনিধি এ দলটি গত ১১ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

# 'গিয়াসউদ্দিন মোল্যা ও ফয়জুন্নেসা বেগম ট্রাস্ট ফান্ড' গঠন



"গিয়াসউদ্দিন মোল্যা ও ফয়জুন্নেসা বেগম ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে অধ্যাপক ড. গিয়াসউদ্দিন মোল্যা এবং অধ্যাপক ফয়জুন্নেসা বেগম ১০ লাখ টাকার একটি চেক গত ৮ ডিসেম্বর ২০১৬ প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাসানুজ্জামান চৌধুরী এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ৩জন অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে "গিয়াসউদ্দিন মোল্যা ও ফয়জুন্নেসা বেগম ট্রাস্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ট্রাস্ট ফান্ড গঠনের জন্য দাতা পরিবারকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন, এই অনুদানের ফলে ছাত্র-ছাত্রীরা লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে।

উল্লেখ্য, ড. গিয়াসউদ্দিন মোল্যা ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একজন অবসরপ্রাপ্ত অধ্যাপক। তার স্ত্রী ফয়জুন্নেসা বেগম সরকারী কলেজের অবসরপ্রাপ্ত শিক্ষক।

# প্রতিবন্ধী দিবসে বর্ণাঢ্য শোভাযাত্রা ও সেমিনার

'অ্যাচিভিং সেভেনটিন গোলস ফর দ্য ফিউচার উই ওয়ান্ট' বা টেকসই ভবিষ্যৎ গড়ি, ১৭ লক্ষ্য অর্জন করি' প্রতিপাদ্য নিয়ে ২৫তম আন্তর্জাতিক ও ১৮তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন উপলক্ষে স্বেচ্ছাসেবী সংগঠন "ফিজিক্যালি চ্যালেঞ্জ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন" (পিডিএফ)-এর আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৫ ডিসেম্বর ২০১৬ এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রায় নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র থেকে শুরু হয়ে অপরাজেয় বাংলা হয়ে সমাজ বিজ্ঞান অনুষদের মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে গিয়ে শেষ হয়।

পরে, মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

# আসফার আলম ট্রাস্ট ফান্ড গঠন



ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে 'আসফার আলম স্মৃতি ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত আসফার আলমের মা গুলশান আরা আলম ১৫ লাখ টাকার একটি চেক গত ১ ডিসেম্বর ২০১৬ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সাব্বির আহমেদ, রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন লাফিফা জামাল, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং দাতার আত্মীয় রেজাউল করিম খন্দকার উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে আসফার আলম স্মৃতি স্বর্ণপদক প্রদান করা হবে। এছাড়া, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কয়েকজন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি প্রয়াত আসফার আলমের স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, এ কে এম শাহ আলম এবং গুলশান আরা আলমের একমাত্র ছেলে প্রয়াত আসফার আলম ১৯৯৩ সালের ৫ মার্চ যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স বিভাগের মেধাবী শিক্ষার্থী ছিলেন। লেখাপড়ায় অসাধারণ কৃতিত্বের জন্য তিনি 'ইউএস প্রেসিডেনসিয়াল এ্যাওয়ার্ড' লাভ করেছিলেন। ২০১৫ সালের ১১ জুলাই ক্যালিফোর্নিয়ায় এক মর্মান্তিক দুর্ঘটনায় তিনি মৃত্যুবরণ করেন।

# ‘পৌষ পার্বন ও বিজয় উৎসব’ উদ্বোধন




পর্যটন বর্ষ ২০১৬ উপলক্ষে বাংলাদেশ ইয়ুথ এন্ড স্টুডেন্টস ফোরাম ফর ট্যুরিজম ডেভেলপমেন্ট এর আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি সড়কদ্বীপে ‘স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে’ গত ১৫ ডিসেম্বর ২০১৬ উদ্বোধন করা হয় পৌষ পার্বন ও বিজয় উৎসব। লোকজ মেলা ও সাংস্কৃতিক আয়োজনসহ ৩দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এমপি। বিশেষ অতিথি ছিলেন ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ইনস্টিটিউটের পরিচালক পারভেজ আহমেদ চৌধুরী, হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াকফ্) লিমিটেডের জ্যেষ্ঠ পরিচালক (বিপনণ) ড. হাকিম রফিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইয়ুথ এন্ড স্টুডেন্টস ফোরাম ফর ট্যুরিজম ডেভেলপমেন্ট এর সভাপতি মোস্তফা আলমগীর রতন। স্বাগত বক্তব্য দেন সংগঠনের সহ-সভাপতি কিশোর রায়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উদ্বোধনী বক্তব্যে বিজয়ের মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানসহ ৩০ লক্ষ শহীদের আত্মত্যাগের কথা স্মরন করেন। বিশেষ করে বুদ্ধিজীবী ও ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যদের আত্মত্যাগের কথা স্মরণ করেন। তিনি বলেন, পৌষের প্রথম দিনেই এই ধরনের আয়োজন নতুন প্রজন্মের ছেলে মেয়েদের জন্য অত্যন্ত গুরুত্ব বহন করে। ঋতুভিত্তিক বিভিন্ন ধরনের পিঠার কথা বিশেষ করে শহরের ছেলেমেয়েরা অনেকেই জানে না। তাই নতুন প্রজন্মের শিক্ষার্থী-তরুণদের জন্য এই ধরনের আয়োজন অত্যন্ত জরুরী।

# আন্তঃধর্মীয় সম্প্রীতি সম্মিলন

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হল ও অপরাজেয় বাংলা’র আয়োজনে গত ২৯ নভেম্বর ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ‘মুক্তিযুদ্ধের চেতনায় রুখবো আমরা জঙ্গিবাদ’ শীর্ষক আন্তঃধর্মীয় সম্প্রীতি সম্মিলন ও সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। স্বাগত বক্তব্য দেন শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন অপরাজেয় বাংলার চেয়ারম্যান ও ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। ‘ইসলাম ধর্মে সাম্প্রদায়িক সম্প্রীতি’ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। ‘হিন্দু ধর্মে পরধর্ম সহিষ্ণুতা’ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী ধ্রুবেশানন্দ। ‘বুদ্ধের অহিংস বাণী ও আজকের বাংলাদেশ’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম বৌদ্ধ বিহারের উপাধ্যক্ষ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের অধ্যাপক ড. জিনো বোধি ভিক্ষু এবং ‘খৃস্টের বাণীতে পরমত সহিষ্ণুতা’ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন নটরডেম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফাদার বেঞ্জামিন ডি কস্তা।



তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, মানুষের তিনটি পরিচয়, প্রথম পরিচয় মনুষ্যত্বের, দ্বিতীয় জাতিসত্তার এবং তৃতীয়টি ধর্মের। ‘ধর্ম যার যার রাষ্ট্র সবার, ধর্ম যার যার উৎসব সবার’ এই নীতিতে অটল থাকলে ধর্মীয় সম্প্রীতি ঠিক থাকবে। দেশজ সংস্কৃতির সাথে ধর্মের কোন বিরোধ নেই। ধর্ম, দেশ ও গণতন্ত্র রক্ষা করতে চাইলে জঙ্গীবাদ নির্মূল করতে হবে এবং এ ব্যাপারে সব ধর্মের লোকদের আরও সক্রিয় হতে হবে। পরিশেষে তিনি ইমাম, পাদ্রী, ভিক্ষু এবং পুরোহিতদের ধর্মের সঠিক ব্যাখ্যা মানবতার সামনে তুলে ধরার আহবান জানান।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. নাসরীন আহমাদ এই সময়ে ধর্মীয় সম্প্রীতির প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করে বলেন, ধর্ম মানে বিশ্বাস। এই বিশ্বাস যার যার ব্যক্তিগত এবং এখানে জাহির করার কিছু নেই। কোন ধর্মই মানুষকে মন্দ কাজ করতে বলে না। ভাল মানুষ হওয়াটাই মূখ্য বিষয়।

অনুষ্ঠানে জাতীয় সংগীত ছাড়াও লালন গীতি, ইসলামী সংগীত, গজল, মুক্তিযুদ্ধের গান, ভজন ও কীর্তন, গম্ভীরা, বৌদ্ধ সংগীত, খ্রিস্ট সংগীত ও নজরুল গীতি পরিবেশন করে ড. লীনা তাপসী খান, ড. বেলু রানী বড়ুয়া, টুম্পা সমদ্দার, মো. এনামুল হক, প্রিয়াংকা গোপ, দেব প্রসাদ দাঁ, মোহাম্মদ শোয়েব, ইউনুসুর রহমান, হীরক সরদার ও শহীদ সার্জেন্ট জহুরুল হক হল সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের শিল্পীবৃন্দ।



*উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১৯ ডিসেম্বর ২০১৬ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ পোস্ট অফিসের সুসজ্জিত নব-নির্মিত ভবনের উদ্বোধন করেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক বিভাগের মহাপরিচালক প্রবাস চন্দ্র সাহা। এছাড়া, ঢাকা বিশ্ব বিদ্যালয় পোস্ট অফিসের পোস্ট মাস্টার শেখ নাজমুল ইসলামসহ অফিসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।*

# বঙ্গবন্ধু মেধা বৃত্তি পেলেন ৫ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৫জন মেধাবী ছাত্র “বঙ্গবন্ধু মেধা বৃত্তি-২০১৬” লাভ করেছেন। গত ১১ ডিসেম্বর ২০১৬ হল মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট অধ্যাপক মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে সম্মাননা বক্তৃতা প্রদান করেন সিনিয়র সাংবাদিক ও ‘দৈনিক সংবাদ’ পত্রিকার সম্পাদক আবেদ খান। এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শান্তিপূর্ণ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে জাগ্রত হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি এই বিজয়ের মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতির জনকের আদর্শকে ধারন করে নৈতিক মূল্যবোধসম্পন্ন উন্নতমানের স্নাতক হতে হবে।

বৃত্তিপ্রাপ্ত ছাত্ররা হলেন : আহমদ রেযা (ইসলামিক স্টাডিজ), আবদুর রহমান মুহাম্মদ তামিম (আন্তর্জাতিক সম্পর্ক), ইমাম হাসান সৌরভ (ফিন্যান্স), মো. নাহিদ হাসান (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট) এবং মো. আব্দুর রহিম (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট)।

## বায়োসেফটি বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন

# মানব দেহের ঝুঁকি সৃষ্টির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে -উপাচার্য

বাংলাদেশ বায়োসেফটি এন্ড বায়োসিকিউরিটি এসোসিয়েশন-এর উদ্যোগে “Bio-safety and Bio-security” শীর্ষক ২-দিনব্যাপী ২য় আন্তর্জাতিক সম্মেলন গত ৭ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক, আইসিডিডিআরবি’র নির্বাহী পরিচালক অধ্যাপক জন ডেভিড ক্লিমেন্স, ঢাকাস্থ মার্কিন দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন ডেভিড মিলে, যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটির অধ্যাপক ড. নাতাশা কে গ্রিফিথ, ইন্টারন্যাশনাল ফেডারেশন অব বায়োসেফটি এসোসিয়েশনের নির্বাহী পরিচালক মিস মাওরিন এলিস এবং ঢাকা বিশ্ববিদ্যালয় জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শরীফ আখতারুজ্জামান বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জীব বিজ্ঞান গবেষণাগারে নিরাপদ পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, মানব দেহের ঝুঁকি সৃষ্টির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপাচার্য বলেন, বিজ্ঞানের অগ্রযাত্রা এবং প্রযুক্তির উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণ নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। জীব বিজ্ঞান তথা চিকিৎসা বিজ্ঞান গবেষণায় বিরাজমান ঝুঁকিসমূহ প্রশমনের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। বিজয়ের মাসে উপাচার্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

# ‘দি ক্যাম্পাস হিরো ক্যাফে’ শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন্স এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগে উদ্যোগে সেন্টার ফর মেন এন্ড ম্যাসকুলিনিটিজ স্টাডিজ (সিএমএমএস)-এর সহায়তায় ‘দি ক্যাম্পাস হিরো ক্যাফে’ শীর্ষক ফলিত গবেষণা প্রকল্প বিষয়ক দিনব্যাপী সেমিনারের সমাপনী অনুষ্ঠান গত ৪ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের স্বাস্থ্যমন্ত্রী মো. নাসিম এমপি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নাহিম রাজ্জাক এমপি, বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম, বিশ্ববিদ্যালয় উইমেন্স এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. শাইখ ইমতিয়াজ প্রমুখ।

অনুষ্ঠানে ‘চ্যালেঞ্জার মামু’ ও ‘প্রিয় বাবা’ দু’টি অ্যাপস উদ্বোধন করেন প্রধান অতিথি মো. নাসিম। ‘প্রিয় বাবা’ অ্যাপস-এর মাধ্যমে অভিভাবকরা শিশু-যৌন নির্যাতন প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনার পাশাপাশি হেল্প লাইনে সহায়তা চাইতে পারবেন। ‘দি ক্যাম্পাস হিরো ক্যাফে’ প্রকল্প বাস্তবায়নে সিএমএমএস ছাড়াও জাতিসংঘ যুবছাত্র সংস্থা ও প্রোমুন্ডো ইউ এস সহায়তা করছে। আর্থিক পৃষ্ঠপোষকতা করছে এনডব্লিউ অট্রো ও শেয়ার নেট।

উইমেন্স এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. শাইখ ইমতিয়াজ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের



উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন্স এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ইসরাত খান। সেমিনারের পূর্বে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে ‘নারী ও বালিকাদের বিরুদ্ধে সহিংসতা নির্মূলের’ আহ্বান জানিয়ে অনুষ্ঠিত হয় এক র‍্যালি।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫